


# টুঙ্গিপাড়ায় জিংকসমৃদ্ধ ব্রিধান ৬২-এর বাম্পার ফলন



গোপালগঞ্জ জেলা সংবাদদাতা

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জিংকসমৃদ্ধ ব্রিধান ৬২-এর বাম্পার ফলন হয়েছে। প্রতি হেক্টরে এ ধান ৫.৭ টন উৎপাদিত হয়েছে। গত রোববার বিকেলে টুঙ্গিপাড়া উপজেলার সেনেরচর গ্রামে এগ্রিকালচারাল অ্যাডভাইজারি সোসাইটি (আস) ও হারভেস্ট প্লাস বাংলাদেশ আয়োজিত মাঠ দিবসে কৃষক রবীন্দ্র কুমার মণ্ডলের জমির ধান কেটে পরিমাপ করে বজারা এ তথ্য জানান। সেনেরচর গ্রামের কৃষক আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবসে প্রধান অতিথির বক্তব্য দেন টুঙ্গিপাড়া উপজেলা কৃষি কর্মকর্তা ড. এইচএম মনিরুজ্জামান। অন্যান্যের মধ্যে কৃষি গবেষণার উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা খায়রুল বাশার, ব্রি উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ইখতেখার মাহামুদ আকন্দ, হারভেস্ট প্লাসের এআরডিও তন্ময় কুমার সাহা, উপসহকারী কৃষি কর্মকর্তা সবুজ গোলদারসহ অরো অনেকে বক্তব্য রাখেন। এগ্রিকালচারাল অ্যাডভাইজারি সোসাইটি (আস) ও হারভেস্ট প্লাস বাংলাদেশ গোপালগঞ্জ জেলায় এ জাতের ধানের আবাদ সম্প্রসারণে এ বছর ৬৫০টি প্রদর্শনী



প্রটের ১৩০ একর জমিতে কৃষককে দিয়ে এ ধানের চাষাবাদ করায়। কৃষক এ ধানের বাম্পার ফলন পেয়ে লাভবান হয়েছেন।